

নিজস্ব সংবাদদাতা, সিরাজগঞ্জ ॥ এক ইউপি চেয়ারম্যানের সন্ত্রাসীরা একটি স্কুলঘর ভেঙ্গে দেয়ায় বেলকুচি উপজেলার ষোলশত জাঙ্গালিয়া হাইস্কুলের সাড়ে ৩শ' ছাত্রছাত্রীর লেখাপড়া অনিশ্চিত হয়ে পড়েছে। স্কুল কমিটিও অনির্দিষ্টকালের জন্য স্কুল বন্ধ ঘোষণা করেছে। জানা গেছে, বেলকুচি উপজেলার বড়খুল ইউনিয়নের ষোলশত জাঙ্গালিয়া হাইস্কুলের অবস্থান ছিল যমুনা নদীর বাঁওয়ার চরে। ইউপি চেয়ারম্যান স্কুলটি সরিয়ে নেয়ার জন্য দীর্ঘদিন ধরে স্কুল কমিটিকে চাপ দিয়ে আসছিল। কিন্তু কমিটি অধ্যয়নরত ছাত্রছাত্রীদের সুবিধার্থে বাঁওয়ার চর থেকে স্কুলটি সরাতে রাজি হয়নি। তা ছাড়াও এলাকার কেউ চায় না স্কুলঘর মনতলা চরে স্থানান্তর করা হোক। চেয়ারম্যান চায় তার ভোট ব্যাংক বলে পরিচিত বেলকুচি চরে পুনর্প্রতিষ্ঠা করতে। কিন্তু কেন শিক্ষা প্রতিষ্ঠান বাঁওয়ার চর থেকে

## সিরাজগঞ্জে স্কুলঘর ভেঙ্গে দেয়ায় ৩শ' ছাত্রছাত্রীর লেখাপড়া অনিশ্চিত ॥ বন্ধ ঘোষণা

সরতে হবে তা কেউ স্পষ্ট করে বলেনি। তা ছাড়াও স্কুলে অধ্যয়নরত বেশির ভাগ ছাত্রছাত্রীর সুবিধা বর্তমান স্থান বাঁওয়ার চরে। এ নিয়ে ইউপি চেয়ারম্যান নাখোশ হয়ে গত ১৩ জুন রাতে একদল সন্ত্রাসী পাঠিয়ে স্কুলের ২টি টিনের ঘর ভেঙ্গে আসবাবপত্র জাংকুর করে তা দিঘলিয়া চরে স্তূভিস্তর করে। এ ঘটনা নিয়ে এলাকায় বিক্ষোভ হয়েছে। স্কুল পরিচালনা কমিটি গত মঙ্গলবার এক সভায় অনির্দিষ্টকালের জন্য স্কুল বন্ধ ঘোষণা করে চেয়ারম্যানের সন্ত্রাসী কর্মকাণ্ডের বিচার দাবি করেছে।